

૨૦૧૮

#(01) 20001-XII(N)

বাংলা 'ক' ভাষা (নতুন পাঠক্রম)

PART-A

পৃষ্ঠানং : ৮০

সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট]

পরীক্ষার্থীদের জন্য নির্দেশ :

- ১। পরিমিত এবং যথাযথ উভয়ের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
 - ২। বর্ণশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাঙ্কের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
 - ৩। ডানপাশে প্রশ্নের পূর্ণমান দেওয়া আছে।

বিভাগ - ক

(নম্বর : ৫০)

$$c \times s = c$$

- | | | |
|-----|--|------------------|
| ১. | অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : | |
| ১.১ | “দিন দিন কেমন যেন হয়ে যেতে লাগল মৃত্যুঞ্জয়।” — মৃত্যুঞ্জয় কেমন হয়ে যেতে লাগল ? | ৩ + ২ |
| ১.২ | তার এমন হয়ে যাওয়ার কারণ কী ? | |
| ১.৩ | “এ সংসারে সব কিছুই চলে বড়ো পিসিমার নিয়মে।” — বড়ো পিসিমা কে ? গল্পে তার চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ? | ১ + ৪ |
| ২. | অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : | $5 \times 1 = 5$ |
| ২.১ | ‘শিকার’ কবিতায় ভোরের পরিবেশ হেভাবে চিত্রিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো। সেই পরিবেশ কোনু ঘটনায় করুণ হয়ে উঠল ? | ৩ + ২ |
| ২.২ | “আমি তা পারি না !” — কবি কী পারেন না ? “যা পারি কেবল” — কবি কী পারেন ? | ৩ + ২ |
| ৩. | অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : | $5 \times 1 = 5$ |
| ৩.১ | ‘বিভাব’ কথাটির সাধারণ অর্থ কী ? ‘বিভাব’ নাটকটির নামকরণ করখনি তাৎপর্যপূর্ণ আলোচনা করো। | ১ + ১ |


BNGA

1 of 4

- ৩/২** “আমি রোজ লুকিয়ে লুকিয়ে গ্রিনবুমে ঘুমোই চাটুজেমশাই — কেউ জানে না” — কোনুন্মাটকের অংশ ? বস্তা কে ? তিনি কেন গ্রিনবুমে ঘুমান ? $1+1+3$
৪. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ৪.১ “কে আবার গড়ে তুলল এতবার ?” — কী গড়ে তোলার কথা বলা হয়েছে ? এই প্রশ্নের মাধ্যমে কবি কী বলতে চেয়েছেন ? $1+8$
- ৪/২** ‘অলৌকিক’ গল্পে হাত দিয়ে পাথরের ঢাই থামানোর হটনাটি লেখক প্রথমে বিশ্বাস করেননি কেন ? পরে কীভাবে সেই ঘটনা তাঁর কাছে বিশ্বাসযোগ্য হয়ে উঠল ? $2+3$
৫. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ৫.১ “জেলখানাটা পাহাড়ের তিনতলা সমান একটা ইঁটুর ওপর।” — কোনুন জেলখানা ? সেখানে সাধারণ করেদিদের ওপর কীরকম অত্যাচার করা হত ? $1+8$
- ৫/২** “ছিল জোতদার আর তালুকদারের নিরঙ্কুশ শাসন !” — শাসন সম্পর্কে লেখক কী জানিয়েছেন তা নিজের ভাষায় লেখো। 5
৬. অনধিক ১৫০ শব্দে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 1 = 5$
- ৬/১** অবিভাজ্য ধ্বনি কাকে বলে ? দুটি অবিভাজ্য ধ্বনির পরিচয় দাও। $1+2+2$
- ৬.২ শব্দার্থের উপাদানমূলক তত্ত্বটি উদাহরণসহ ব্যাখ্যা করো। 5
৭. অনধিক ১৫০ শব্দে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$
- ৭/১** বাংলা গানের ধারায় রজনীকান্ত সেনের অবদান আলোচনা করো। 5
- ৭.২ চিরকলা-চর্চায় শিল্পাচার্য নন্দলাল বসুর স্থান নিরূপণ করো। 5
- ৭/৩** বাঙালির বিজ্ঞান ভাবনা ও বিজ্ঞান চর্চার ইতিহাসে জোড়াসাঁকো ঠাকুরবাড়ির অবদান আলোচনা করো। 5
- ৭/৪** আমাদের মহাকাব্যে ‘কুস্তি’ কী নামে পরিচিত ছিল ? সংক্ষেপে বাঙালির কুস্তি চর্চার পরিচয় দাও। 5

৮. নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নির্বাচন করে, নির্দেশ অনুসারে কমবেশি ৪০০ শব্দের মধ্যে একটি
 $10 \times 1 = 10$
 প্রবন্ধ রচনা করো :

b.১ নিম্নে প্রদত্ত মানস-মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :



- ৮.২ প্রদত্ত অনুচ্ছেদটিকে প্রস্তাবনা বা ভূমিকাস্বরূপ প্রহণ করে বিষয়ের গভীরে প্রবেশ করে,
 পরিণতি দানের মাধ্যমে একটি পূর্ণক্ষণ প্রবন্ধ রচনা করো :

পল্লিসাহিত্য

রূপ-কথা, পল্লিগাথা, ছড়া প্রভৃতি দেশের আলো জল বাতাসের মতো সকলেরই সাধারণ
 সম্পত্তি। তাতে হিন্দু মুসলমান কোনো ভেদ নাই যেমন মাতৃস্তন্যে সন্তান মাত্রেরই অধিকার,
 সেইরূপ এই পল্লিসাহিত্যে পল্লি জননীর হিন্দু মুসলমান সকল সন্তানেরই সমান অধিকার। এক
 বিরাট পল্লিসাহিত্য বাংলায় ছিল। তার কঙ্কাল বিশেষ এখনও কিছু আছে, সময়ের ও বুচির
 পরিবর্তনে সে অনাদৃত হয়ে ধ্বংসের পথে দাঁড়িয়েছে। নেহাত সেকেলে পাড়াগেঁয়ে লোক
 ছাড়া সেগুলি আর কেউ আদর করে না।

#(01) 20001-XII(N)

৮.৩ প্রতিপক্ষের যুক্তির অসারতা প্রমাণ করে স্বপক্ষে যুক্তিক্রম বিন্যাস করে প্রবন্ধ রচনা করো :

বিতর্কের বিষয় : 'দূরদর্শন মানবজীবনকে সমস্যা জড়িত করে তুলেছে।'

মতের পক্ষে : দূরদর্শনের অপকারিতা নিয়ে আজ অনেকেই সোচার। এটি মানুষকে নেশাগ্রস্ত করে তুলেছে। নানা ধরনের অনুষ্ঠানের আকর্ষণে বহু মানুষ এখন অনেকটা সময় দূরদর্শনের সামনে বসে কাটায়। ফলে তাদের নিত্যকর্মে বিঘ্ন ঘটে। এর আকর্ষণে শিক্ষার্থী ভুলে যায় পঠন পাঠনের কথা। মানুষ ভুলতে বসেছে সামাজিক আদান প্রদানের প্রয়োজনীয়তা। এর কানো কোনো অনুষ্ঠানে থাকে নেতৃত্ব অধঃপতনের বীজ। বর্তমান সমাজে কিশোর অপরাধীর সংখ্যা বৃদ্ধির জন্য অনেকেই দূরদর্শনকে দায়ী মনে করেন। তাই বলা যায় দূরদর্শন মানব জীবনে যতই আনন্দের আয়োজন করে থাক, তার কুপ্রভাব কোনো অংশে কম নয়।

৮.৪ প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা করো :

নারায়ণ গঙ্গোপাধ্যায়

জন্ম	: ৪ ফেব্রুয়ারি, ১৯১৮, দিনাজপুর
পিতা	: প্রমথনাথ গঙ্গোপাধ্যায়
শিক্ষা	: দিনাজপুর জেলা স্কুল, ফরিদপুর রাজেন্দ্র কলেজ, বরিশাল রঞ্জমোহন কলেজ থেকে বি.এ. পাশ (১৯৩৮), কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে এম.এ. (বাংলা) এবং ডি.ফিল.(১৯৬০)।
কর্মজীবন	: জলপাইগুড়ি কলেজ, সিটি কলেজ (কলকাতা) এবং কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা।
সাহিত্য কীর্তি	: 'উপনিবেশ', 'শিলালিপি', 'পদসঞ্চার', 'লালমাটি', 'চারমুর্তি', 'পটলভাঙার টেনিদা', 'সুনন্দর জার্নাল' প্রভৃতি।
মৃত্যু	: ৬ জন্ডেৱৰ, ১৯৭০, কলকাতা।

=====